

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬

১০ পৌষ ১৪২৫
তারিখ: -----
২৪ ডিসেম্বর ২০১৮

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ
বিশেষায়িত ব্যাংক ব্যতীত বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকের প্রধান নির্বাহী নিযুক্তি ও দায়-দায়িত্ব সম্পর্কিত বিধি-বিধান প্রসঙ্গে।


শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮, তারিখ: ২৭ অক্টোবর ২০১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলার লেটার এ প্রধান নির্বাহী নিযুক্তির বিধানাবলীর আওতাধীন অভিজ্ঞতা ও উপযুক্ততা সংক্রান্ত অ(২)(খ) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাটি নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

খ) তাঁকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। প্রধান নির্বাহী হিসেবে নিযুক্তি/পুনর্নিযুক্তির ক্ষেত্রে অর্থনীতি, হিসাববিজ্ঞান, ফিন্যান্স ও ব্যাংকিং, ব্যবস্থাপনা কিংবা ব্যবসায় প্রশাসন বিষয়ে উচ্চতর প্রাতিষ্ঠানিক শিক্ষাকে গুরুত্ব প্রদান করতে হবে। শিক্ষাজীবনের কোন পর্যায়েই তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। তবে, গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার ক্ষেত্রে জিপিএ ৩.০০ এর কম এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ-র ক্ষেত্রে ৪.০০ পয়েন্ট স্কেলে ২.৫০ এর কম ও ৫.০০ পয়েন্ট স্কেলে ৩.০০ এর কম হলে তা গ্রহণযোগ্য হবে না।

উপর্যুক্ত পরিবর্তিত নির্দেশনাসহ বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮, তারিখ: ২৭ অক্টোবর ২০১৩ এর অন্যান্য সকল নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য ব্যাংকসমূহকে পরামর্শ প্রদান করা হলো।

২। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে এই সার্কুলার লেটার জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাহের)

মহাব্যবস্থাপক

ফোন-৯৫৩০২৫২